গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-ডিজিএনএম/শা-১/১র-১১/২০০৩/

তাং- /১৪২৪। /২০১৮।

প্রাপক ঃ জনাব রাশিদা বেগম
পিতাঃ আব্দুর রশীদ প্রাং,
নার্সিং ইনস্ট্রাক্টর(নিজ বেতনে), রংপুর নার্সিং কলেজ, রংপুর।

বিষয় ঃ জনাব রাশিদা বেগম (পিতাঃ আব্দুর রশীদ প্রাং), নার্সিং ইনস্ট্রাক্টর(নিজ বেতনে), রংপুর নার্সিং কলেজ, রংপুর এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ অনুসারে আনীত অভিযোগনামা।

## অভিযোগনামা

যেহেতু আপনি জনাব রাশিদা বেগম (পিতাঃ আব্দুর রশীদ প্রাং), নার্সিং ইনস্ট্রাক্টর(নিজ বেতনে), রংপুর নার্সিং কলেজ, রংপুর নার্সিং কলেজ, বগুড়ায় কর্মরত থাকাকালীন সময়ে গত ০৪/১০/২০১৭খ্রিঃ তারিখ অধ্যক্ষের কক্ষে প্রবেশ করে উক্ত প্রতিষ্ঠানের ল্যাব সহকারী জনাব শাহ মোঃ জহুরুল হোসেন এর সাথে আর্থিক লেনদন সংক্রান্ত বিষয়ে জনাব জহুরুলকে জুতা দিয়ে আঘাত করেন।

যেহেতু আপনি জরুরী সভা চলাকালীন সময়ে সকলকে অশালীন ভাষায় গালিগালাজ করেন এবং সকল কর্মচারীরকে প্রাণ নাশের হুমকি প্রদান করেন। আপনি স্থানীয় সংগঠনের নেতাদের দ্বারা সকলকে আতংকের মাঝে রাখেন।

যেহেতু আপিন আপানার কর্তৃপক্ষকেও জুতা দিয়ে মারতে উদ্যত হন। বিষয়টি ২৩/১১/২০১৭খ্রিঃ তারিখ গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে প্রতিয়মান হয়েছে। আপানার এহন কার্যকলাপ ও আচরন করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অসদাচরনের আওতাভুক্ত অপরাধ।

সেহেতু, আপনাকে (জনাব রাশিদা বেগম, পিতাঃ আব্দুর রশীদ প্রাং, নার্সিং ইনস্ট্রাক্টর(নিজ বেতনে), রংপুর নার্সিং কলেজ, রংপুর) অসদাচরনের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধি মালার ৪(৩)(ডি) ধারা মোতাবেক আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবরে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি সাক্ষাতে কিছু বলতে চান কিনা এবং সাফাই সাক্ষী উপস্থাপন করতে চান কিনা তা বর্নিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সে অভিযোগ বিবরণীর অনুলিপি অত্র পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।


(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।


নং-ডিজিএনএম/শা-১/১র-১১/২০০৩/ ৭৫/১(৭)

তাং- ১৭/১১ /১৪২৪। ০১/৩ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারী), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
৩। সিনিয়র সহকারী সচিব(নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অধ্যক্ষ, নার্সিং কলেজ, রংপুর/বগুড়া,।
৫। নিরীক্ষা ও হিসাব রক্ষন কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
৬। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(মিডওয়াইফারি)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

# <u>অভিযোগ বিবরণী</u>

জনাব রাশিদা বেগম (পিতাঃ আব্দুর রশীদ প্রাং), নার্সিং ইনষ্ট্রাক্টর(নিজ বেতনে), রংপুর নার্সিং কলেজ, রংপুর নার্সিং কলেজ, বগুড়ায় কর্মরত থাকাকালীন সময়ে গত ০৪/১০/২০১৭খ্রিঃ তারিখ অধ্যক্ষের কক্ষে প্রবেশ করে উক্ত প্রতিষ্ঠানের ল্যাব সহকারী জনাব শাহ মোঃ জহুরুল হোসেন এর সাথে আর্থিক লেনদেন সংক্রান্ত বিষয় নিয়ে জনাব জহুরুলকে জুতা দিয়ে আঘাত করেন। জরুরী সভা চলাকালীন সময়ে তিনি সকলকে অশালীন ভাষায় গালিগাজ করেন এবং সকল কর্মচারীরকে প্রাণ নাশের হুমকি প্রদান করেন। তিনি স্থানীয় সংগঠনের নেতাদের দ্বারা সকলকে আতংকের মাধ্যে রাখেন। তিনি তার কর্তৃপক্ষকেও জুতা দিয়ে মারতে উদ্যত হন। বিষয়টি ২৩/১১/২০১৭খ্রিঃ তারিখ গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে প্রতিয়মান হয়েছে। তার এহেন কার্যকলাপ ও আচরন করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অসদাচরনের আওতাভুক্ত অপরাধ।

**(তন্দ্রা শিকদার)**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-ডিজিএনএম/শা-১/১র-১১/২০০৩/

তাং-----------------/১৪২৪।
/২০১৮।

প্রাপক ঃ জনাব শাহ মোঃ জহুরুল হোসেন
পিতাঃ মোঃ নজরুল ইসলাম,
ল্যাব সহকারী,
দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর।

বিষয় ঃ জনাব শাহ মোঃ জহুরুল হোসেন(পিতাঃ মোঃ নজরুল ইসলাম), ল্যাব সহকারী, দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ অনুসারে আনীত অভিযোগনামা।

## অভিযোগনামা

যেহেতু আপনি জনাব শাহ মোঃ জহুরুল হোসেন(পিতাঃ মোঃ নজরুল ইসলাম), ল্যাব সহকারী, দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর, বগুড়া নার্সিং কলেজ, বগুড়ায় কর্মরত থাকাকালীন সময়ে একজন সরকারী কর্মচারী হয়ে সরকারের অনুমতি ব্যতিত একই প্রতিষ্ঠানের জনাব রাশিদা আক্তার, প্রভাষক(নিজ বেতনে) এর সাথে অনৈতিক ব্যাপারে আর্থিক লেন-দেন সংক্রান্ত বিষয়ে সম্পৃক্ত থাকেন। যা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অসদাচরনের আওতাভুক্ত অপরাধ।

সেহেতু, আপনাকে(জনাব শাহ মোঃ জহুরুল হোসেন(পিতাঃ মোঃ নজরুল ইসলাম), ল্যাব সহকারী, দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর) অসদাচরনের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধি মালার ৪(৩)(ডি) ধারা মোতাবেক আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবরে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি সাক্ষাতে কিছু বলতে চান কিনা এবং সাফাই সাক্ষী উপস্থাপন করতে চান কিনা তা বর্নিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সে অভিযোগ বিবরণীর অনুলিপি অত্র পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১র-১১/২০০৩/ ৭৭/৮(৭)

তাং- ২০.১১/১৪২৪।
০৪/৩/২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারী), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।
৩। সিনিয়র সহকারী সচিব(নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অধ্যক্ষ, নার্সিং কলেজ, দিনাজপুর/বগুড়া,।
৫। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, দিনাজপুর।
৬। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(মিডওয়াইফারি)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

<u>অভিযোগ বিবরণী</u>

জনাব শাহ মোঃ জহুরুল হোসেন(পিতাঃ মোঃ নজরুল ইসলাম), ল্যাব সহকারী, দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর একজন সরকারী কর্মচারী হয়ে বগুড়া নার্সিং কলেজ, বগুড়ায় কর্মরত থাকাকালীন সময়ে সরকারের অনুমতি ব্যতিত একই প্রতিষ্ঠানের জনাব রাশিদা আক্তার, প্রভাষক(নিজ বেতনে) এর সাথে অনৈতিক ব্যাপারে আর্থিক লেন-দেন সংক্রান্ত বিষয়ে সম্পৃক্ত থাকেন। যা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অসদাচরনের আওতাভুক্ত অপরাধ।

28.2.18

**(তন্দ্রা শিকদার)**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-ডিজিএনএম/শা-১/১স-১৭৭০/২০১০/

/১৪২৪।
তাং-----------------
/২০১৮।

প্রাপক ঃ

১। বর্তমান ঠিকানা
জনাব জাহিদা ইয়াসমিন রুমা
পিতাঃ শরিফ আহাম্মদ,
সিনিয়র স্টাফ নার্স,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবাবগঞ্জ, ঢাকা।

২। স্থায়ী ঠিকানা
জনাব জাহিদা ইয়াসমিন রুমা
পিতাঃ শরিফ আহাম্মদ,
সিনিয়র স্টাফ নার্স,
গ্রমাঃ পূর্বগ্রাম, পোঃ পূর্বগ্রাম, থানাঃ রুপগঞ্জ, জেলাঃ নারায়নগঞ্জ।

বিষয় ঃ জনাব জাহিদা ইয়াসমিন রুমা(পিতাঃ শরিফ আহাম্মদ), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবাবগঞ্জ, ঢাকা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ অনুসারে আনীত অভিযোগনামা।

## অভিযোগনামা

যেহেতু আপনি জনাব জাহিদা ইয়াসমিন রুমা(পিতাঃ শরিফ আহাম্মদ), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবাবগঞ্জ, ঢাকা গত ২৮/০৬/২০১৫খ্রিঃ তারিখ উক্ত স্বাস্থ্য কমপ্লেক্সে যোগদান করেন এবং যোগদানের পর হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগের প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের ১৬/১০/২০১৭খ্রিঃ তারিখের ১৬১০ নং স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। আপনি ১৯/১১/২০১৭খ্রিঃ তারিখ আপনার কর্তৃপক্ষের মাধ্যমে উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন। যা আপনার কর্তৃপক্ষ ১৯/১১/২০১৭খ্রিঃ তারিখের উঃজেঃ/স্বাঃকঃ/নবাব/২০১৭/৯৯২ নং স্মারকে অত্র অধিদপ্তরে প্রেরণ করেন। আপনি ০১/০৪/২০১৬ইং তারিখ হতে ০৯/০৭/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত দীর্ঘ ০১ বছর ০৩ মাস ০৮ দিন অননুমোদতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে অসুস্থ্যতার কারণ জানিয়ে কর্তব্য কাজে যোগদানের জন্য আবেদন দাখিল করেন। অথচ আপনি অসুস্থ্যতার বিষয়টি আপনার কর্তৃপক্ষকে ইতোপূর্বে অবহিত করেন নাই। আপনার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অসদাচরণের আওতাভুক্ত অপরাধ।

সেহেতু, আপনাকে (জনাব জাহিদা ইয়াসমিন রুমা, পিতাঃ শরিফ আহাম্মদ, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবাবগঞ্জ, ঢাকা) অসদাচরণের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধি মালার ৪(৩)(ডি) ধারা মোতাবেক আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি সাক্ষাতে কিছু বলতে চান কিনা এবং সাফাই সাক্ষী উপস্থাপন করতে চান কিনা তা বর্নিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সে অভিযোগ বিবরণীর অনুলিপি অত্র পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১স-১৭৭০/২০১০/ ৭৮/১(৬)

২০/১২ /১৪২৪।
তাং-----------------
০৪/৬ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারী), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, ঢাকা।
৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবাবগঞ্জ, ঢাকা।
৪। উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(মিডওয়াইফারি)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

<u>অভিযোগ বিবরণী</u>

জনাব জাহিদা ইয়াসমিন রুমা(পিতাঃ শরিফ আহাম্মদ), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবাবগঞ্জ, ঢাকা গত ২৮/০৬/২০১৫খ্রিঃ তারিখ উক্ত স্বাস্থ্য কমপ্লেক্সে যোগদান করে এবং যোগদানের পর হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগের প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের ১৬/১০/২০১৭খ্রিঃ তারিখের ১৬১০ নং স্মারকে তাকে কৈফিয়ত তলব করা হয়। তিনি ১৯/১১/২০১৭খ্রিঃ তারিখ তার কর্তৃপক্ষের মাধ্যমে উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন। যা তার কর্তৃপক্ষ ১৯/১১/২০১৭খ্রিঃ তারিখের উঃজেঃ/স্বাঃকঃ/নবাব/২০১৭/৯৯২ নং স্মারকে অত্র অধিদপ্তরে প্রেরণ করেন। তিনি ০১/০৪/২০১৬ইং তারিখ হতে ০৯/০৭/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত দীর্ঘ ০১ বছর ০৩ মাস ০৮ দিন অননুমোদতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে অসুস্থ্যতার কারণ জানিয়ে কর্তব্য কাজে যোগদানের জন্য আবেদন দাখিল করেন। অথচ তিনি অসুস্থ্যতার বিষয়টি তার কর্তৃপক্ষকে ইতোপূর্বে অবহিত করেন নাই। তার এহন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অসদাচরণের আওতাভুক্ত অপরাধ।

২৮.২.১৮

**(তন্দ্রা শিকদার)**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।